

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
কমিউনিকেশন সেকশন

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২০৪.০১.০০১.১৮ নথির বিষয়: টেলিফোন সেট ক্রয় সংক্রান্ত নথি
নোট: ২২ নোটের বিষয়: টেলিফোন সেট ও টেলিফোন সংক্রান্ত আনুসঙ্গিক মালামাল ক্রয় প্রসঙ্গে।

অনুচ্ছেদ ২২.০ - তারিখ: ১০/৮/২৩ ৩:০৩ অপরাহ্ন

ক) বিবেচ্য সংযুক্তি-১ প্রাপ্ত চাহিদাপত্র, সদয় দ্রষ্টব্য।

খ) বিবেচ্য সংযুক্তি-২ প্রস্তুতকৃত প্রাক্কলণ, সদয় দ্রষ্টব্য।

গ) বিবেচ্য সংযুক্তি-৩ বিআরবি ক্যাবল ইন্ডাস্ট্রিজ এর মূল্য তালিকা, সদয় দ্রষ্টব্য।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার হিসাব বিভাগ কর্তৃক প্রেরিত চাহিদাপত্রে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার দুটি টেলিফোন সেট নষ্ট হয়ে গিয়েছে বলে জানানো হয়েছে। উক্ত টেলিফোন সেট দুটি পরিবর্তন করে নতুন টেলিফোন সেট সরবরাহ করার জন্য অনুরোধ জানানোসহ উপ-প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোহাম্মদ সোহেল খান কর্তৃক ব্যবহৃত টেলিফোন লাইন মেরামত এবং ফিন্যান্স ও ভ্যাট ট্যাক্স কর্মকর্তা জনাব মেঘনাথ সিংহ এর জন্য নতুন পিএবিএক্স সংযোগ স্থাপনের অনুরোধ জানিয়ে অত্র বিভাগে চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে।

০২। মডস সার্কেল-১ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিস কক্ষ সংস্কার কাজ করার সময় উক্ত দপ্তরে ব্যবহৃত সমস্ত টেলিফোন লাইনের ক্যাবল কর্তন করা হয়েছিল। বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিস কক্ষ সংস্কার কাজ শেষ হওয়ায় বিচ্ছিন্নকৃত টেলিফোন লাইন মেরামতপূর্বক পুনরায় চালু করার অনুরোধ জানিয়ে অত্র বিভাগে চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে।

০৩। ঢাকা ওয়াসার হিসাব বিভাগ এবং মডস সার্কেল-১ কর্তৃক প্রেরিত চাহিদাপত্রে অনুরোধের প্রেক্ষিতে বর্ণিত কাজগুলো সম্পাদনের লক্ষ্যে কমন সার্ভিস বিভাগের প্রতিনিধি দ্বারা সরেজমিন পরিদর্শন করে কার্য সম্পাদনের জন্য স্থানীয় বাজার দর ও বিআরবি ক্যাবল ইন্ডাস্ট্রিজ এর মূল্য তালিকা মোতাবেক টেলিফোন সেট, ক্যাবল ও অন্যান্য আনুসঙ্গিক মালামাল ক্রয় বাবদ ২৪,৭৫২/- (চল্লিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা ব্যয়ের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (প্রস্তুতকৃত প্রাক্কলণ, সদয় দ্রষ্টব্য)।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত দুটি অফিসের টেলিফোনিক কাজ সম্পাদনের জন্য প্রাক্কলনে বর্ণিত ২৪,৭৫২/- (চল্লিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা উপ-সচিব (কমন সার্ভিস) বিভাগ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, প্রস্তাবিত অর্থের অনুমোদন উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের এখতিয়ারভুক্ত।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

১০/৮/২৩ ৩:১৪ অপরাহ্ন
মোঃ শাহ আলম
কমিউনিকেশন অফিসার
কমিউনিকেশন সেকশন

১০/৮/২৩ ৬:০২ অপরাহ্ন
শেখ এনায়েত আব্দুল্লাহ
উপসচিব (চলতি দায়িত্ব)
কমন সার্ভিস বিভাগ

১১/৮/২৩ ৪:৫৯ অপরাহ্ন
প্রকৌশলী শারমিন হক আমীর
সচিব
সচিবের দপ্তর

১১/৮/২৩ ৪:৫৯ অপরাহ্ন
মোঃ আজহারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর
দপ্তর

সংযুক্তিসমূহ (৩):

১। প্রাপ্ত চাহিদাপত্র.

২। প্রস্তুতকৃত প্রাক্কলণ.

৩। বিআরবি ক্যাবল ইন্ডাস্ট্রিজ এর মূল্য তালিকা.

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ২২.১ - তারিখঃ ১৩/৮/২৩ ৯:৪৫ পূর্বাহ্ন

Approved



১৩/৮/২৩ ৯:৪৫ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর
দপ্তর



১৩/৮/২৩ ১০:৩২ পূর্বাহ্ন
প্রকৌশলী শারমিন হক আমীর
সচিব
সচিবের দপ্তর



১৩/৮/২৩ ৩:৫৬ অপরাহ্ন
শেখ এনায়েত আব্দুল্লাহ
উপসচিব (চলতি দায়িত্ব)
কমন সার্ভিস বিভাগ

১৩/৮/২৩ ৩:৫৬ অপরাহ্ন
মোঃ শাহ আলম
কমিউনিকেশন অফিসার
কমিউনিকেশন সেকশন